

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৭৫৮.২০১১ - ২৬৬

তারিখ ৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৯৩০৫/২০১১ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৪৫৭/২০১৬ এর ১৪.১১.২০১৭ তারিখের আদেশ।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ এর ৯.১.২০১৮ তারিখে প্রেরিত ১৪.১১.২০১৭ তারিখের আদেশ।


এলজিইডি'র উন্নয়ন প্রকল্পের কর্মচারীদের চাকুরি রাজস্বখাতে নিয়মিতকরণের নির্দেশনা চেয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে সালমা বেগম, মোঃ মামুনুর রশীদসহ ১১১ জন রীট পিটিশন নং ৯৩০৫/২০১১ দায়ের করেন। গত ৮.১০.২০১২ তারিখে হাইকোর্ট বিভাগে পিটিশনারদের এলজিইডি'তে চাকুরি আত্মীকরণ/নিয়মিতকরণের নির্দেশনা দিয়ে রায় ঘোষিত হয়। সরকার পক্ষ রায়ের বিপক্ষে সি.পি নং ৫৬৫/২০১৩ দায়ের করেন। আপীল বিভাগ সি.পি নং ১২৪৭, ১৭৮১, ১৭৮৪, ১৮৭৫, ১৯৪৮, ২১৬৯, ২১৭০, ২১৮৪ এবং ২২০৬/২০১১ এর সিদ্ধান্তের আলোকে উক্ত সি.পি নিষ্পত্তি করেন।

২। তারপরও রায় বাস্তবায়িত না হওয়ায় রীটের ৬৩ নং পিটিশনার মোঃ মামুনুর রশীদ ও অন্যরা কনটেম্পট পিটিশন ৪৫৭/২০১৬ হাইকোর্ট বিভাগে দায়ের করেন। হাইকোর্ট বিভাগে কনটেম্পট ৪৫৭/২০১৬ এর প্রেক্ষিতে ০৮.১০.২০১২ তারিখের রায় বাস্তবায়নের জন্য প্রতিপক্ষকে ২ (দুই) মাসের সময় দিয়ে যথাক্রমে ১৫.১২.২০১৬ এবং ১২.৪.২০১৭ তারিখে আদেশ দেন। আদেশ অদ্যাবধি বাস্তবায়িত না হওয়ায় ১৪.১১.২০১৭ তারিখে রায় বাস্তবায়নের জন্য কনটেম্পট প্রতিপক্ষ সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং প্রধান প্রকৌশলী, এলজিইডিকে রায় বাস্তবায়নের জন্য আদেশের তারিখ থেকে ২ (দুই) মাসের সময় শেষবারের মত মঞ্জুর করেছেন।

৩। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৪৫৭/২০১৬ এর প্রেক্ষিতে ০৮.১০.২০১২ তারিখের আদেশের কপি এতদসঙ্গে প্রেরণ পূর্বক রীট পিটিশন নং-৯৩০৫/২০১১ মামলার রায় বাস্তবায়ন সম্পর্কিত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন পত্র প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৪। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ আদেশের কপি -----ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন)
☎ ৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।